

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ : ১৭.০৩.২০২১

উৎসবমুখর পরিবেশে জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন

(১৭.০৩.২০২১) : হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ব্যাপক উৎসবমুখর পরিবেশে উদযাপন করেছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিবার। আজ বুধবার সকালে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বঙ্গবন্ধু হলে জাতির পিতার ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ ও রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) বিজন কুমার ব্রহ্ম।



(১৭/০৩/২০২১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এ সময় এক সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী বলেন, বঙ্গবন্ধু ছাত্রজীবনেই রাজনীতিতে জড়িয়ে পড়েন এবং ধীরে ধীরে বাংলাদেশের স্বাধীনতার জন্য জনগণকে প্রস্তুত করতে থাকেন। এরই ধারাবাহিকতায় ৬ দফার আন্দোলন, ৭০ এর নির্বাচন সবশেষে ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধ শেষে চূড়ান্ত বিজয় এনে দেন। স্বাধীনতা যুদ্ধে বাঙালিকে ঐক্যবদ্ধ করার জন্য ৭ মার্চ যে ভাষণ দেন তা পৃথিবীর ইতিহাসে মহাকাব্য হিসেবে স্বীকৃত। তাই ৭ মার্চের ভাষণকে পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার জন্য সরকারের কাছে অনুরোধ জানান। কারণ বঙ্গবন্ধুকে জানার অন্যতম মাধ্যম ৭ মার্চের ভাষণ। বঙ্গবন্ধু শৃঙ্খল মুক্তির মহানায়ক। সারা পৃথিবীর শোষিত মানুষের নেতা। তিনি ছিলেন বাঙালির ভালোবাসার মানুষ। বঙ্গবন্ধু জন্মেছিলেন বলেই আমরা স্বাধীন দেশের নাগরিক।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তিনি আরও বলেন, বঙ্গবন্ধুর আদর্শ, চেতনাকে বুকে ধারণ ও চর্চা করে আমাদের দেশকে সোনার বাংলায় পরিণত করতে হবে। বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ গড়তে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে। উন্নত বাংলাদেশ গড়ার কাজে আমরা সবাই শেখ হাসিনার একনিষ্ঠ কর্মী হিসেবে কাজ করছি এবং করে যাবো।

কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ বলেন, পৃথিবীর ইতিহাসে এমন কোন উদাহরণ নেই যে একজন নেতা একটি দেশের স্বাধীনতা এনে দিতে পারেন। বঙ্গবন্ধু হলেন সেই উদাহরণ যার একক প্রচেষ্টায় আমরা স্বাধীন বাংলাদেশ পেয়েছি। হিমালয়ের মত মানুষটার কর্মজীবন আমরা অনুসরণ করে এগিয়ে যাবো।

এ সময় আরও শ্রদ্ধাজ্ঞাপন করেন বিজ্ঞান অনুষদ, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ, মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ, প্রক্টর অফিস, ছাত্র উপদেষ্টা দপ্তর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল প্রশাসন, শেখ হাসিনা হল, বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স অ্যাসোসিয়েশন, কর্মচারী সমিতি, পরিবহন পুল, সিভিল ইঞ্জিনিয়ারিং, ইইই, ইইসিই, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, পদার্থবিজ্ঞান, গণিত, রসায়ন পরিবার, অর্থনীতি, বাংলা, ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ, টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ইংরেজি, লোক প্রশাসন বিভাগ, মেডিকেল সেন্টার, শারীরিক শিক্ষা দপ্তর, তত্ত্বাবধায়ক ডরমিটরি, বিশ্ববিদ্যালয় নীল দল, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ ও রোভার স্কাউট গ্রুপসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

এরপর 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু' দিবস উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মো. হাবিবুল্লাহ। অনুষ্ঠান শেষে বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়। বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়ার আয়োজন করা হয়।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

বিশ্ববিদ্যালয়ে তিনটি নতুন গাড়ী উদ্বোধন

এদিকে উপাচার্য প্রফেসর ড. এম রোস্তম আলী কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ এবং পরিবহন প্রশাসক প্রফেসর ড. মোঃ কামরুজ্জামানকে সঙ্গে নিয়ে বিশ্ববিদ্যালয়ের নতুন তিনটি গাড়ী উদ্বোধন করেন।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন তিনটি গাড়ী উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তম আলী।

পরিবহন পুর্বে সংযুক্ত হওয়া তিনটি গাড়ীর মধ্যে শিক্ষার্থীদের জন্য ৫২ সীটের একটি বড় বাস, একটি অত্যাধুনিক অ্যান্ডুলেস এবং একটি হায়েস গাড়ী রয়েছে।

বার্তা প্রেরক

স্বাক্ষরিত/

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ-পরিচালক, পাবলিক রিলেশন্স এন্ড পাবলিকেশন দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।